

Telephone conversation between PM and Prime Minister of Canada

April 29, 2020

প্রধানমন্ত্রী এবং কানাডার প্রধানমন্ত্রীর মধ্যে টেলিফোনে বাক্যালাপ এপ্রিল 29,2020

প্রধানমন্ত্রী আজ কানাডার প্রধানমন্ত্রী মহামান্য জাস্টিন ট্রুডোর সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

দুই নেতা নিজেদের মধ্যে COVID-19 অতিমারি সম্পর্কিত বিশ্বের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। বিশ্ব একাত্তবোধ ও সমন্বয়, যোগানের ধারাবাহিকতাকে বজায় রাখা এবং সহযোগিতামূলক গবেষণা কর্মকান্ডের গুরুত্বের বিষয়ে তারা সহমত হয়েছেন।

প্রধানমন্ত্রী কানাডায় বর্তমানে থাকা ভারতীয় নাগরিকদের বিশেষত ভারতীয় ছাত্রদের সাহায্য এবং সহযোগিতার হাত বাড়িয়ে দেবার জন্য কানাডার প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন। প্রধানমন্ত্রী ট্রুডো, ভারতে কানাডার নাগরিকদের ভারত সরকারের সাহায্য প্রদানের জন্য প্রশংসা করেছেন।

প্রধানমন্ত্রী আশ্বস্ত করেছেন যে, ভারত তার সর্বোচ্চ ক্ষমতায় কানাডার নাগরিকসহ বিশ্বের সকল নাগরিকের সহায়তায় ওষুধ ক্ষেত্রে ভারতের উৎপাদন ক্ষমতার উপলব্ধতা বজায় রাখবে।

দুই নেতা এই বিষয়ে সহমত হয়েছেন যে, অতিমারির বিরুদ্ধে বিশ্বব্যাপী লড়াইয়ের প্রচেষ্টাতে, বিশেষ করে COVID-19 এর চিকিৎসার সমাধানে প্রতিষেধকের অনুসন্ধানের লক্ষ্যে গবেষণা ও প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতার মাধ্যমে ভারত এবং কানাডার মধ্যে অংশীদারিত্ব অর্থবহভাবে অবদান রাখতে পারবে।

নিউ দিল্লি

এপ্রিল 28,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.